

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, ডিসেম্বর ৬, ১৯৮৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

শাখা-৬

বিজ্ঞপ্তি

ঢাকা, ৬ই ডিসেম্বর, ১৯৮৬

নং এস. আর. ও, ৪৫১-এল/৮৬/শাখা-৬/এম-২১/৮৬/৬৪৭—সরকার রংপুর পৌরসভার বিভিন্ন কার্যকলাপের উপর প্রাপ্ত অভিযোগের ভিত্তিতে একটি তদন্ত পরিচালনা করেন এবং তৎসম্পর্কে পৌরসভা কর্তৃপক্ষ কর্তৃক পেশকৃত জবাব পর্যালোচনার পর সরকার নিশ্চিত হন যে, উক্ত পৌরসভা কর্তৃপক্ষ পৌরসভার প্রশাসন পরিচালনায় এবং আর্থিক দায়িত্ব পালনে অপারগ। এমতাবস্থায় সরকার রংপুর পৌরসভাকে পৌরসভা অধ্যাদেশের ১৩৫(১) ধারা মোতাবেক ১৮০ দিনের জন্য বাতিল ঘোষণা করিলেন। এই আদেশ অবিলম্বে কার্যকরী হইবে।

এই আদেশ জনস্বার্থে জারী করা হইল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

হোসাইন আহমদ

সচিব।

(১৪৪২৫)

মুলা: ৩০ পয়সা

## বিজ্ঞপ্তি

ঢাকা, ৬ই ডিসেম্বর, ১৯৮৬

নং এস, আর, ও, ৪৬০-এল/৮৬/শাখা-৬/এম-২১/৮৬/৬৪৮—যেহেতু রংপুর পৌরসভাকে অত্র বিভাগের বিজ্ঞপ্তি নং এস, আর, ও, ৪৫৯-এল/৮৬/শাখা-৬/এম-২১/৮৬/৬৪৭, তারিখ ৬ই ডিসেম্বর, ১৯৮৬ দ্বারা সরকার বাতিল ঘোষণা করিয়াছেন, সেহেতু সরকার ১৯৭৭ সনের পৌরসভা অধ্যাদেশ (১৯৭৭ সনের অধ্যাদেশ নং ২৬)-এর ১৩৫(২)(খ) ধারায় প্রদত্ত ক্ষমতা বলে রংপুর জেলার অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)-কে বাতিলকৃত পৌরসভার সকল প্রকার কার্য পরিচালনার দায়িত্ব পালনের জন্য পুনরাদেশ না দেওয়া পর্যন্ত কর্তৃপক্ষ নিয়োগ করিলেন। এই আদেশ জনস্বার্থে জারী করা হইল।

— এই আদেশ অবিলম্বে কার্যকরী হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

হোসাইন আহমদ

সচিব।

খন্দকার ওবায়দুল মোক্কাদেব, ডেপুটি কম্পোজার, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা, কর্তৃক মুদ্রিত।

মোঃ রবিউল হোসেন, ডেপুটি কম্পোজার, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, ভেজগাঁও ঢাকা কর্তৃক প্রকাশিত।